গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
উপপরিচালকেরকার্যালয়
কৃষিসম্প্রসারণঅধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর
http://dae.dianjpur.gov.bd

# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুরের **আগষ্ট**-২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ তৌহিদুল ইকবাল — তারিখঃ ২৪ আগষ্ট,২০২০খ্রি:।
উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর।
স্থানঃ উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুরের প্রশিক্ষণ কক্ষ-২। সময়ঃসকাল-১০.০৫ ঘটিকা।

**সভায় সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর রেজিষ্টারে সংরক্ষিত**

বিভাগীয় মাসিক সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর জুম এ্যাপস্ এর মাধ্যমে যোগদানকৃত বিভাগীয় মাসিক ভার্চুয়াল সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় জনাব মোঃ শামীম, অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর গত ১৭-০৬-২০২০ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন; কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতপর তিনি সভাপতির সম্মতিক্রমে আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | খরিপ২, ২০২০ -২১ মৌসুমে রোপা আমন ফসল আবাদ পরিস্থিতি | সভায় জানানো হয়, দিনাজপুর জেলায় হাইব্রিড- ৮১৮৩ হেক্টর, উফশী-২৪৮৮২৬ ও স্থানীয়- ৩০২৪ হেক্টর মোট- ২৬০০৩৩ হেক্টর জমিতে আমন আবাদের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্য পর্যন্ত ৯৯ % অর্জন হয়েছে। শীঘ্রই শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হবে।<br><br>সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর সভায় যোগদানকৃত উপজেলা কৃষি অফিসারগণের নিকট হতে মাঠের সার্বিক পরিস্থিতি সমন্ধে জানতে চাইলে তাঁরা জানান মাঠ ফসলের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। সভায় রোপা আমন ফসল নির্বিঘ্ন আবাদের জন্য আধুনিক কলাকৌশল সমন্ধে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) আমন আবাদ কর্মসূচি সফল করার জন্য মাঠ মনিটরিং ও নিয়মিত সার্ভিলেন্স বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) বিভাগীয় নির্দেশনা মোতাবেক রোপা আমনের **সমকালীন চাষাবাদ** কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সমকালীন চাষাবাদ সম্পর্কিত প্রতিবেদন নিয়মিত অত্র কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) ধান ক্ষেতের ক্ষতিকর পোকা দমনের জন্য মাঠ পর্যায়ে ব্যাপক লাইভ পার্চিং স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪) সম্ভাব্য বালাই আক্রমণ প্রতিরোধ করণে রোগ/পোকার ব্যবস্থা পত্র/লিফলেট কৃষকদের মাঝে বিতরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা।<br><br>২) উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা। |

| ং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২ | পারিবারিক সবজি- পুষ্টি বাগান স্থাপন অগ্রগতি পর্যালোচনা ও সাইনর্বোড স্থাপন | বাংলাদেশে বর্তমানে অপুষ্টি একটি অন্যতম প্রধান সমস্যা। যেহেতু সবজি ফসল বিভিন্ন পুষ্টি উপাদানে সমৃদ্ধ তাই পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের মাধ্যমে পুষ্টিতে স্বনির্ভরতার জন্য কৃষক পর্যায়ে প্রণোদনা প্রদান করা হয়েছে। সভায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে সঠিক লে-আউট, সাইনবোর্ড ও ঘেরা-বেড়া স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) দ্রুততম সময়ে পারিবারিক পুষ্টি-সবজি বাগান স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) পরিমার্জিত সাইন বোর্ডের নমুনা অনুযায়ী সাইনবোর্ড স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) পুষ্টি বাগানের নিরাপত্তার জন্য বেড়া প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১)উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা। |
| ৩ | বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের বর্তমান পরিস্থিতি | সভায় সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর উপজেলা কৃষি অফিসারগণের নিকট হতে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের পরিস্থিতি সমন্ধে জানতে চাওয়া হলে তাঁরা জানান প্রকল্প বাস্তবায়ন পরিস্থিতি সন্তোষজনক। সভায় প্রকল্প বাস্তবায়ন কলাকৌশলের উপর বিস্তারিত আলোচনা করা হয়। | ১) এনএটিপি২ প্রকল্পের সিআইজি সমূহ যথাযথ মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) বিভিন্ন প্রকল্পের প্রাথমিক রিপোর্ট প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) আইএফএমসি প্রকল্পের মাঠ স্কুল নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) জেলা পর্যায়ের সকল কর্মকর্তা।<br><br>২)উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা। |
| ৪ | ৪% সুদে প্রণোদনার আওতায় কৃষি ঋণ বিতরণের অগ্রগতি/ সমস্যা | সভায় জানানো হয়, করোনাভাইরাসের অভিঘাতে অর্থনীতির ক্ষতির মধ্যেও কৃষি উৎপাদন অব্যাহত রাখতে গ্রামের ক্ষুদ্র ও মাঝারি চাষিদের জন্য ৪% সুদে ঋণ বিতরণ কার্যক্রম জেলায় চলমান রয়েছে। এ কার্যক্রমকে ফলপ্রসূ করতে প্রকৃত কৃষকের তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট ব্যাংক এ দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৪% সুদে ঋণ বিতরণ কার্যক্রম জেলায় চলমান রয়েছে। এ কার্যক্রমকে ফলপ্রসূ করতে প্রকৃত কৃষকের তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট ব্যাংক এ দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) সংশ্লিষ্ট বিষয়ে উদ্ভুত সমস্যার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা সকল উপজেলা, দিনাজপুর। |
| ৫ | রাসায়নিক সার ও ডিজেল মনিটরিং পরস্থিতি | সভায় জানানো হয়, ফসল আবাদ নির্বিঘ্ন করতে নিরবিচ্ছিন্ন সার সরবরাহ করা প্রয়োজন। সে লক্ষ্যে সার মনিটরিং নিবিড় করা একান্ত জরুরী।<br><br>সভায় উপজেলা কৃষি অফিসারগণের নিকট হতে নিজ নিজ ও উপজেলায় নন-ইউরিয়া সারের অতিরিক্ত চাহিদা থাকলে যৌক্তিকতা সহ অতিরিক্ত নন-ইউরিয়া সারের চাহিদাপত্র দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | ১) আমন-২০২০-২১ মৌসুমে সার ও ডিজেল মনিটরিং নিবিড়ভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) যথাশীঘ্র যৌক্তিকতা সহ অতিরিক্ত নন-ইউরিয়া সারের চাহিদাপত্র দাখিল করার সিদ্ধান্ত হয়। | ১) উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা।<br><br>২) জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, দিনাজপুর। |
| ৬ | বিভাগীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ | সভাপতি এবং উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় সম্পত্তি যাতে বেদখল না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা একান্ত প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিভাগীয় সম্পত্তি যাতে করে বেদখল না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কোন জমি বেদখলের বিষয়ে তাৎক্ষনিকভাবে উর্ধতন কর্তৃপক্ষকে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর |

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | বিবিধ : উপজেলা কৃষি অফিস সমূহ পরিদর্শন | সভার সভাপতি ও উপপরিচালক, মো: তৌহিদুল ইকবাল, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর জেলায় চলমান কোভিট ১৯ পরিস্থিতিতে সভায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:<br>১) চলমান প্রণোদনা কার্যক্রমসমূহ বাস্তবায়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২) উপজেলা পর্যায়ে কর্মকর্তাগণকে বিশেষ করে **কৃষি সম্প্রসারণ অফিসারগণকে** মাঠ মনিটরিং বাড়াতে হবে। মাঠ মনিটরিং এর সুযোগ কম এসব ক্ষেত্রে মুঠোফোনে মনিটরিং করতে হবে।<br>৩) স্বাস্থ্য বিধি মেনে কৃষককে সম্প্রসারণ সেবা প্রদান করতে হবে। | ১) মো: তৌহিদুল ইকবাল, সভার সভাপতি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর জেলায় চলমান কোভিট ১৯ পরিস্থিতিতে সভায় প্রদত্ত নির্দেশনা প্রতিপালনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) জেলা প্রশিক্ষণ অফিসার(ভার:), অত্র দপ্তর।<br>২) অতিরিক্ত উপপরিচালক (শস্য/পিপি/ উদ্যান),অত্র দপ্তর।<br>৩) উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর। |
| ৮ | বিবিধ : চলতি মাসে ফলবাগানের পরিচর্যা | উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, দিনাজপুর সভায় জানান, দিনাজপুর জেলায় বানিজ্যিকভাবে ফলবাগান স্থাপনের যথেষ্ট সুযোগ ও সম্ভাবনা রয়েছে। বানিজ্যিকভাবে ফল উৎপাদনের জন্য কিছু কারিগরি বিষয় বিবেচনায় রাখতে হয়। যেগুলোর বাস্তবায়নের উপর কাংখিত ফলন প্রাপ্তি নির্ভর করে। সভায় তিনি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ১) উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, দিনাজপুর কর্তৃক দিনাজপুর জেলায় বানিজ্যিকভাবে ফলবাগান স্থাপনে/বাস্তবায়নে প্রদত্ত কারিগরি পরামর্শসমূহ অনুসরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।<br>২) উপজেলা কৃষি অফিসার সকল, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলের সুস্থতা কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

৩১/৮/২০২০

(মো: তৌহিদুল ইকবাল)
সভাপতি
বিভাগীয় মাসিকসভা
ও
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।

31/8/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, দিনাজপুর।
http://dae.dinajpur.gov.bd

স্মারক নং-১২.১৭.২৭০০.০৪১.০৬.০৭০.১৩/ ১৫৩৮(৩২) তারিখঃ-৩১/০৮/২০২০ খ্রিঃ।

অনুলিপি ঃ

১) উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, দিনাজপুর।

২) জেলা প্রশিক্ষণ অফিসার, অত্র দপ্তর।

৩) অতিরিক্ত উপপরিচালক(পিপি/শস্য/উদ্যান),অত্র দপ্তর।

৪) উপজেলা কৃষি অফিসার (সকল), ..............................................দিনাজপুর।

৫) অতিরিক্ত কৃষি অফিসার (সকল)..............................., দিনাজপুর।

৬) কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (সকল)..............................., দিনাজপুর।

৭) উপসহকারী কৃষি কর্মকর্তা(সকল)................................., দিনাজপুর।

৮) জনাব ..................................................., এসএএও(সকল), উন্নয়ন শাখা, অত্র দপ্তর।

৯) প্রধান সহকারী (ভারপ্রাপ্ত), অত্র দপ্তর।

১০) গুদামরক্ষক, অত্র দপ্তর।

১১) জনাব............................................., উপজেলা কৃষি অফিস.................., দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য -

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।

৩১/৮/2020

(মোঃ শামীম)
অতিরিক্ত উপপরিচারক(শস্য)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর
ও
সদস্য সচিব
বিভাগীয় মাসিক সভা।

৩১/৮/2020

E:\Departmental Meeting Regualation\August- 2020.docx